



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক ও জনপথ অধিদপ্তর
অতিরিক্ত প্রধান প্রকৌশলীর কার্যালয়
সিলেট জোন
সড়ক ভবন, তোপখানা, সিলেট।
☎ ০২-৯৯৭৭০০১৬৫

E-mail: acesyl@rhd.gov.bd/acesylrhd@gmail.com

স্মারক নং-৩৫.০১.৯১৬২.০১০.০৬.০০০.২২-২২৪৫

তারিখঃ ১৮ শ্রাবণ ১৪২৯
০২ আগষ্ট ২০২২

বিষয়: সিলেট বিভাগে সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্ত মহাসড়ক মেরামত ও পুনর্বাসন এবং অন্যান্য উন্নয়নমূলক কার্যক্রম ত্বরান্বিত করার লক্ষ্যে সম্মানিত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এর সংশ্লিষ্ট স্টেক হোল্ডারদের সাথে মত বিনিময় সভা আয়োজন প্রসঙ্গে।

সূত্র: সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সচিব মহোদয়ের দপ্তর স্মারক নং- ৩৫.০০.০০০০.০০২.০০১.৯৯.২২-৮৭, তারিখ: ০২ আগষ্ট ২০২২ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে যথাযথ সম্মানের সাথে জানানো যাচ্ছে যে, সিলেট বিভাগে সাম্প্রতিক ভয়াবহ বন্যায় সিলেট, সুনামগঞ্জ, মৌলভীবাজার ও হবিগঞ্জ জেলায় সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতাধীন বিভিন্ন মহাসড়ক ক্ষতিগ্রস্ত হয়। ক্ষতিগ্রস্ত মহাসড়ক সাময়িকভাবে মেরামত করে যানবাহন চলাচল উপযোগী করা হয়েছে। ক্ষতিগ্রস্ত মহাসড়ক পুনর্বাসন করার লক্ষ্যে দীর্ঘ ও মধ্যমেয়াদি কর্মপরিকল্পনা প্রয়োজন। এতদউদ্দেশ্যে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সম্মানিত সচিব জনাব এ বি এম আমান উল্লাহ নুরী আগামী ৫ ও ৬ আগষ্ট, ২০২২ সিলেট সড়ক জোনে বন্যায় ক্ষতিগ্রস্ত মহাসড়ক সরেজমিনে পরিদর্শন করবেন। পরিদর্শন কালে আগামী ৬ আগষ্ট ২০২২ তারিখ সকাল ১০.০০ ঘটিকায় বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ এর সভাপতিত্বে সিলেট সার্কিট হাউজে সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্ত মহাসড়ক মেরামত ও পুনর্বাসন এবং অন্যান্য উন্নয়নমূলক কার্যক্রম ত্বরান্বিত করার লক্ষ্যে সড়ক ও জনপথ অধিদপ্তরের প্রধান প্রকৌশলীসহ সিলেট বিভাগের সংশ্লিষ্ট সকল কর্মকর্তা ও স্টেক হোল্ডারদের সাথে মতবিনিময় করবেন। পরিদর্শনকালে তিনি সিলেট, সুনামগঞ্জ, মৌলভীবাজার ও হবিগঞ্জ জেলার জেলা প্রশাসক, সিলেট সিটি কর্পোরেশনের কর্মকর্তা, সওজ অধিদপ্তরের কর্মকর্তা ও অন্যান্য বিভাগীয় কর্মকর্তাদের উপস্থিতিতে একটি মতবিনিময় সভায় অংশগ্রহণের অভিপ্রায় ব্যক্ত করেছেন।

এমতাবস্থায় আগামী ৬ আগষ্ট ২০২২ খ্রি: সকাল ১০.০০ ঘটিকায় আপনার সভাপতিত্বে সিলেট সার্কিট হাউজে সংশ্লিষ্ট স্টেক হোল্ডারদের সমন্বয়ে একটি মতবিনিময় সভা আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সর্বিনয় অনুরোধ করা হলো।


(মোঃ ফজলে রব্বের)

পরিচিতি নং- ০০৫৩৭৯

অতিরিক্ত প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব), সওজ
সড়ক জোন, সিলেট।

বিভাগীয় কমিশনার
সিলেট।

অনুলিপি জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। পুলিশ কমিশনার, মেট্রোপলিটন পুলিশ, সিলেট।
- ২। প্রধান নির্বাহী কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন।
- ৩। জেলা প্রশাসক, সুনামগঞ্জ/ সিলেট/ মৌলভীবাজার/ হবিগঞ্জ।
- ৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, সিলেট।
- ৫। প্রধান প্রকৌশলী, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, সিলেট।
- ৬। মহাব্যবস্থাপক, বিটিসিএল, সিলেট।
- ৭। ব্যবস্থাপনা পরিচালক, জালালাবাদ গ্যাস টিএন্ডভি সিস্টেম লি., সিলেট।
- ৮। অতিরিক্ত জেলা প্রশাসক (সওজ), সিলেট।
- ৯। মৌলভীবাজার/ হবিগঞ্জ।